শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified




চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম
হাজীগঞ্জ, চাঁদপুর।

যোগাযোগঃ ০৮৪২৪-৭৫২৫৫ (অফিস), ০৮৪২৪-৭৫৩৬৬ (বাসা), ইমেইলঃ chandpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১৩৪৯.৫০৪.০২.০০৮.২২.১৩২৬

তারিখঃ ১৪ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
২৮ মার্চ, ২০২২খ্রিঃ

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ড্রাইভার পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স সীমা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা/অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ড্রাইভার | ০১ টি (নিয়োগকালীন পদসংখ্যা কম/বেশি হতে পারে) | ২০/০৪/২০২২খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৪৫ বছর। | বেতন কাঠামো-২০১৬ (সংশোধিত-২০২১) অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০.০০ হতে ৪১,৯৫০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়। | ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ নূ্যনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, দিক নির্দেশনা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন এবং সময় সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে।<br>খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ নূন্যতম হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।<br>গ) প্রার্থীকে যেকোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/বৃহৎ শিল্প/বানিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে নূন্যতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লেখিত প্রতিষ্ঠান সমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসাবে গণ্য হবে। পরিচ্ছন্ন ড্রাইভিং রেকর্ড থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে।<br>ঘ) লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোট ধরনের ইঞ্জিন রিপ্যায়িং, টিউন আপ, সাধারন রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>ঙ) প্রার্থীকে গাড়ী চালনা পরীক্ষায় পবিস/বিআরইবি এর প্রতিনিধির উপস্থিতিতে উত্তীর্ণ হতে হবে।<br>চ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষাসহ দৃষ্টিশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | বান্দরবন, বরিশাল, ভোলা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, চুয়াডাঙ্গা, কুমিল্লা, ফরিদপুর, ফেনী, গোপালগঞ্জ, ঝালকাঠি, ঝিনাইদহ, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, লালমনিরহাট, মেহেরপুর, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নোয়াখালী, রাজবাড়ী, রাঙ্গামাটি, শেরপুর, এবং ঠাকুরগাঁও। |

০১। **আবেদন ফরম পুরণ ও জমাদানঃ** চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট : http://pbs1.chandpur.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A/4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২০/০৪/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজিগঞ্জ, চাঁদপুর এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত ফর্ম ব্যতীত সাদা কাগজে লিখিত/টাইপকৃত বা সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না। খামের উপরে অবশ্যই পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
(ঘ) ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ।
(ঙ) অভিজ্ঞতা সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
(চ) বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকা মূল্য মানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজিগঞ্জ, চাঁদপুর এর অনুকূলে সংযুক্ত করতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী সম্বলিত সীলমোহরসহ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৪। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সেক্ষেত্রে আবেদনের সহিত সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৬। অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তাছাড়া পবিস হতে শৃঙ্খলা জনিত কারনে বা সেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই। যদি কেহ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। অসম্পূর্ণ / ভুল আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

০৮। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/ নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করনসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১০। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১১। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

২৪/০৩/২২

(মোঃ আতিকুজ্জামান চৌধুরী)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, . . . . . . . . . . . . . . . . . . পবিস-১/২/৩/৪।
০৪। ডিজিএম (সদর-কারিগরী)/শাহরাস্তি/কচুয়া জোনার অফিস,সাচার সাব জোঃঅঃ, চাঁদপুর পবিস-১।
০৫। এজিএম (অর্থ), চাঁদপুর পবিস-১।
০৬। নোটিশ বোর্ড/ওয়েবসাইট : http://pbs1.chandpur.gov.bd চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১।
০৬। অফিস নথি/মাষ্টার নথি।

২৪/০৩/২২

(মোঃ আতিকুজ্জামান চৌধুরী)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

ফরম নং-পমানপ ১১০-০০২, ভার্সন-০১

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ

# আবেদন ফরম

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ড্রাইভার পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
হাজীগঞ্জ, চাঁদপুর।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-............... ২. আবেদনকৃত পদের নাম-...................... ৩. পদের ধরন : নিয়মিত

...............................................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম :

...............................................................
৫. প্রকাশনার তারিখ

...............................................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম

...............................................................
৭. জন্ম তারিখ (ভোটার আইডি/জন্মসনদ অনুযায়ী )

...............................................................(দিন/মাস/বছর)

...............................................................
৮. মাতার নাম

৯. বয়স ( ২০/০৪/২০২২খ্রিঃ তারিখে)

...............................................................
১০. পিতার নাম

...............................................................
১১. ধর্ম

...............................................................
১২. জাতীয়তা ও ভোটার আইডি নং-

...............................................................
১৩. নিজ জেলা

...............................................................
১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিনঃ

☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম ☐ মহিলা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| | | | |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮। ব্যাংক ড্রাফট ..................
১৯। ব্যাংক ড্রাফটের মূল্য ..................
২০। ক্রয়ের তারিখ ..................

২১. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ........................................ | .................................... | .................................... | ........................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) :

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেনী/সিজিপিএ | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) :

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) :

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৫. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবেঃ

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উর্ত্তীণ কি-না (হ্যাঁ/না)জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদন্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (লগু দন্ড/গুরু দন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে চাঁদপুর পবিস-১ কর্তৃপক্ষের নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে চাঁদপুর পবিস-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

| ------------------------------ | ------------------------------------- |
|---|---|
| তারিখ | আবেদনকারী স্বাক্ষর |

আশাদুল আজম
(প্রশাসন)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

# চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

**হাজীগঞ্জ, চাঁদপুর।**

*ISO 9001-2015 Certified*

## লিখিত/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

**প্রার্থীর রোল নম্বর** : ..............................................................................

**পরীক্ষার তারিখ** : ..............................................................................

**পরীক্ষার সময়** : ..............................................................................

**পরীক্ষা কেন্দ্রের নাম** : ..............................................................................

**পরীক্ষা কেন্দ্রের ঠিকানা** : ..............................................................................

**নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ** ...........................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নামঃ** ..............................................................................

প্রার্থীর নামঃ ..............................................................................

**প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক**..............................................................................

..............................................................................

..............................................................................

..............................................................................

২৮/০৬/২২

মোঃ আশাদুল আজম
এ.জি.এম (প্রশাসন)
চাঁদপুর পবিস-১

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্তত : ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষার সময় মূল কাগজপত্র সংগে আনতে হবে।

৭। পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।